



নির্বাচন আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে ইসিতে জবাব দিলেন মামুনুল হক



সংগৃহীত ছবি

১৪ জানুয়ারি আগারগাঁও এলাকায় প্রচারণার অভিযোগে রিটার্নিং কর্মকর্তা ইউনুচ আলী ঢাকা-১৩ আসনের প্রার্থী ও বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মাওলানা মামুনুল হককে কারণ দর্শানোর নোটিশ দেন।

এর পরিপ্রেক্ষিতে শনিবার (১৭ জানুয়ারি) সকাল ১০টায় তিনি রাজধানীর নির্বাচন ভবনে উপস্থিত হয়ে নির্বাচন কমিশনে লিখিত জবাব দেন।

মামুনুল হক জানান, তিনি কোনও আসনভিত্তিক নির্বাচনী প্রচারণা করেননি। কেবল গণভোটে ‘হ্যাঁ’ ভোটের পক্ষে লিফলেট বিতরণ করেছেন, যা আচরণবিধি লঙ্ঘনের আওতায় পড়ে না। তিনি আরও বলেন, তাকে নিয়ে প্রকাশিত কিছু প্রতিবেদনে ভুল তথ্য রয়েছে এবং এতে তার ভাবমূর্ত্তি ক্ষুণ্ণ করার চেষ্টা হয়েছে।

তার আইনজীবীর ভাষ্য অনুযায়ী, শোকজের জবাবের মাধ্যমে স্পষ্ট হয়েছে—এ ঘটনায় আচরণবিধি ভঙ্গ হয়নি; বরং জনগণকে গণভোট বিষয়ে সচেতন করা হয়েছে।

এদিকে নির্বাচন কমিশন জানিয়েছে, ২১ জানুয়ারির আগে কোনও প্রার্থী বা দল নির্বাচনী প্রচারণা চালাতে পারবে না। প্রতীক বরাদ্দ হবে ২১ জানুয়ারি এবং আনুষ্ঠানিক প্রচারণা শুরু হবে ২২ জানুয়ারি থেকে, যা ভোটের ৪৮ ঘণ্টা আগে পর্যন্ত চলবে।